

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

পত্র সংখ্যা : বিইআরসি/জনসংযোগ/প্রশা : ১১২/০৭২২

তারিখ : ১৩ মার্চ ২০১৪

প্রেস রিলিজ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এবং ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) গত ১৩ হতে ২০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের মধ্যে বিভিন্ন সময়ে বিদ্যুতের খুচরা মূল্যহার সমন্বয়ের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে আবেদন করে। আবেদনে বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ শুধুমাত্র অপারেশনাল ব্যয় সমন্বয়ের জন্য যথাক্রমে ১৫.৫০%, ২৩.৫০%, ১৫.৯০%, ১২.৫৮% এবং ৮.৫৯% খুচরা মূল্যহার বৃদ্ধির প্রস্তাব করে।

কমিশন বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানীগুলির আবেদন পরীক্ষা নিরীক্ষান্তে আমলে নেয় এবং ৪, ৫ ও ৬ মার্চ ২০১৪ তারিখে এ বিষয়ে কমিশনে গণ-শুনানি গ্রহণ করা হয়। বিদ্যুতের মূল্য সমন্বয়ের ক্ষেত্রে কমিশন সকল শ্রেণীর ভোক্তার স্বার্থ ও বিভিন্ন প্রতিষ্ঠানের উপর আর্থিক প্রভাব এবং সর্বোপরি দেশের সামাজিক ও অর্থনৈতিক গুরুত্ব, গরীব ও নিম্নবিত্তের ওপর আর্থিক চাপ সৃষ্টি না হওয়া এবং জাতীয় অর্থনীতিতে কৃষির প্রভাব বিবেচনায় রেখে কমিশন নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

ক) ১-৫০ ইউনিট পর্যন্ত (লাইফ লাইন) এবং সেচের জন্য বর্তমান বিদ্যুতের মূল্যহার অপরিবর্তিত থাকবে।

খ) বিদ্যুৎ সংস্থা ও বিতরণ কোম্পানীগুলোর operational (পরিচালন) লোকসান সমন্বয়ের লক্ষ্যে উল্লেখিত সকল কোম্পানী ও সংস্থার ইউনিট প্রতি মূল্যহার ভারিত গড়ে ৬.৯৬% বৃদ্ধি করা হয়েছে যা নিম্নরূপভাবে বিল মাস মার্চ ২০১৪ হতে কার্যকর হবে :

গ্রাহকশ্রেণী		পূর্বের মূল্যহার (টাকা/কি.ও.ঘ.)		পুনর্নির্ধারিত মূল্যহার (টাকা/কি.ও.ঘ.)		মন্তব্য
		বিউবো/ডিপিডিসি /ডেসকো /ওজোপাডিকো	বাপবিবো	বিউবো/ডিপিডিসি /ডেসকো /ওজোপাডিকো	বাপবিবো	
লাইফ লাইন : ১-৫০ ইউনিট (আবাসিক)		৩.৩৩	৩.৭৪ (গড়) ৩.৩৬-৩.৮৭*	৩.৩৩	৩.৭৪ (গড়)	অপরিবর্তিত
শ্রেণী-এ : আবাসিক	প্রথম ধাপ : ১-৭৫ ইউনিট	৩.৩৩	৩.৭৪ (গড়) ৩.৩৬-৩.৮৭*	৩.৫৩	৩.৮৭	
	দ্বিতীয় ধাপ : ৭৬-২০০ ইউনিট	৪.৭৩	৪.৬০ (গড়) ৪.০৫-৪.৬৩*	৫.০১	৫.০১	সারাদেশে অভিন্ন
	তৃতীয় ধাপ : ২০১-৩০০ ইউনিট	৪.৮৩	৪.৭৬ (গড়) ৪.১৮-৪.৬৯*	৫.১৯	৫.১৯	ঐ
	চতুর্থ ধাপ : ৩০১-৪০০ ইউনিট	৪.৯৩	৭.১০ (গড়) ৬.৮৮-৭.৩০*	৫.৪২	৫.৪২	ঐ
	পঞ্চম ধাপ : ৪০১-৬০০ ইউনিট	৭.৯৮	৭.৪০ (গড়) ৭.১৮-৭.৬২*	৮.৫১	৮.৫১	ঐ
	ষষ্ঠ ধাপ : ৬০০ ইউনিটের অধিক	৯.৩৮	৯.৩৮	৯.৯৩	৯.৯৩	ঐ
শ্রেণী-বি : কৃষিকাজে ব্যবহৃত পাম্প/সেচ	ফ্ল্যাট রেট	২.৫১	৩.৮১ (গড়) ৩.৩৯-৩.৯৬*	২.৫১	৩.৩৯-৩.৯৬*	অপরিবর্তিত
শ্রেণী-সি : ক্ষুদ্রশিল্প (বাপবিবো-সাধারণ শিল্প)	ফ্ল্যাট রেট	৬.৯৫	৬.৯৫	৭.৪২	৭.৪২	সারাদেশে অভিন্ন
	অফ-পীক সময়ে	৫.৯৬	৫.৯৬	৬.৬৪	৬.৬৪	ঐ
	পীক সময়ে	৮.৪৭	৮.৪৭	৯.০০	৯.০০	ঐ

